



ব্যবসা মালিকদের অধিকারসমূহের সনদ এবং পরিদর্শনের আচরণবিধি

ব্যবসার মালিক হিসাবে, আপনার এইগুলি পাওয়ার অধিকার আছে:

1. পরিদর্শকদের কাছ থেকে সৌজন্যমূলক ও পেশাদার আচরণ। অনুগ্রহ করে পরিদর্শকদের সাথেও একই রকম আচরণ করুন।
2. পরিদর্শকরা আসার পরে নিজেদের পরিচয় এবং পরিদর্শনের উদ্দেশ্য জানাবেন।
3. পরিদর্শনে কতক্ষণ সময় লাগবে সেই সম্বন্ধে তথ্য।
4. জ্ঞানসম্পন্ন, ন্যায্য এবং নিরপেক্ষ পরিদর্শক, যারা সংস্থার নিয়মাবলী সমানভাবে প্রয়োগ করেন।
5. শহরের খাদ্য নিরাপত্তা সম্পর্কিত নিয়মাবলী, লংঘন ও সম্ভাব্য প্রতিকারগুলি সম্বন্ধে তথ্য।
6. OATH হেলথ ট্রাইবুনাল (OATH Health Tribunal)-এ লংঘনের(গুলির) বিরুদ্ধে আপত্তি জানানোর জন্য নির্দেশাবলী।
7. পরিদর্শন সম্পূর্ণ করার সুযোগ দেওয়ার পরেও, পরিদর্শনগুলিকে যথাসম্ভব কম বিপত্তিকর হতে হবে।
8. পরিদর্শন সম্বন্ধে যুক্তিসঙ্গত প্রশ্নগুলির উত্তর এবং ফলাফল দেখার নির্দেশাবলী। (যদি পরিদর্শনের সময় কোনো সরঞ্জাম সরানো বা খোলা হয়, তাহলে পরিদর্শক সেটা ফেরত দেবেন বা সেটা আবার জুড়ে দেবেন।)
9. ইংরেজি ছাড়া অন্য ভাষায় তথ্য পাওয়ার সুযোগ। প্রয়োজন হলে, পরিদর্শক আপনার সঙ্গে কথোপকথন করার জন্য ভাষা সহায়তা কর্মসূচি ব্যবহার করবেন।
10. পরিদর্শকদের কার্যসম্পাদন বা আচরণ সম্বন্ধে পরিচয় গোপন রেখে এবং কোনো প্রতিশোধের ভয় ছাড়া মন্তব্য করার সুযোগ।

পরিদর্শন সম্পর্কে গোপনীয়তার সাথে প্রতিক্রিয়া জানানোর জন্য, অনুগ্রহ করে nyc.gov/customerurvey ওয়েবসাইটে যান।